দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JUL 1997
পৃষ্ঠা ৬ কলাম ৯

# শিক্ষা কর্মসূচীর গম আত্মসাৎ

বাউফল সংবাদদাতা ॥ বাউফলের অলিপুরা বেসরকারী রেজিষ্টার্ড (অনুদানবিহীন) প্রাইমারী বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম আত্মসাৎ এবং উহা বিতরণকালে চাঁদা আদায়ের অভিযোগ পাওয়া গিয়াছে।

অভিযোগে জানা যায়, ঐ স্কুলের কমিটি উক্ত কর্মসূচীর তিন মাসের বরাদ্দকৃত ২,৭৪৫ কেজি গম একত্রে উত্তোলন করিয়া ২০টি একক এবং ৩৩টি যৌথ কার্ডে বিতরণ করে। বিতরণকালে প্রতি কার্ড হোল্ডারদের নিকট হইতে ১০০ টাকা করিয়া গম বরাদ্দের খরচ বাবদ চাঁদা আদায় করে। বিতরণের পর ১৫৬ কেজি গম উদ্বৃত্ত থাকে। উদ্বৃত্ত গম ঐ এলাকার কতিপয় প্রভাবশালী ধনাঢ্য ব্যক্তি ভাগবাটোয়ারা করিয়া নিয়া যায়। প্রভাবশালী ব্যক্তিদের মধ্যে সোনামদ্দি চৌকিদার ২০ কেজি, ফজলু মিয়া ৪০ কেজি, রহিম মিয়া ২০ কেজি গম নেয়। ভাগবাটোয়ারা নিয়া মতোবিরোধ দেখা দেওয়ায় গত ৮ই জুন থানা নির্বাহী অফিসারের নিকট উক্ত গম আত্মসাৎ ও বিতরণকালে চাঁদা আদায় করা হইয়াছে এই মর্মে অভিযোগ দায়ের হইয়াছে।

থানা নির্বাহী অফিসার এই সংবাদদাতাকে জানান, অভিযোগ পাওয়ার পর তিনি থানা শিক্ষা অফিসারকে তদন্তের দায়িত্ব দিয়াছেন। তদন্ত টিম সূত্রে জানা যায়, তাহারা তদন্তকালে অভিযোগের সত্যতা পাইয়াছেন।